# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড




Office of the
Executive Engineer
Kishoreganj WD Division
Gaital, Kishoreganj
E-mail : **xenkishore.bwdb@yahoo.com**

**www.bwdb.gov.bd**

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ
গাইটাল, কিশোরগঞ্জ ।
ই-মেইলঃ **xenkishore.bwdb@yahoo.com**


স্মারক নং-বাপাউবো(কিশোরগঞ্জ)/ই-১/৫৯৫৫

তারিখঃ ০১-০৯-২০২৬ খ্রিঃ।

## "সীমিত দরপত্র পদ্ধতির (LTM) এর আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহের লক্ষ্যে ঠিকাদার তালিকাভূক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬-২৭ অর্থ বছরে কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ,বাপাউবো, কিশোরগঞ্জ দপ্তরের আওতায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ৮০(১)(ঘ) আলোকে সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) অনধিক ০৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য ঠিকাদার তালিকাভূক্তি ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪; তারিখঃ ২০-০৭-২০২০ খ্রিঃ মোতাবেক অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট **উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ময়মনসিংহ** এর অনুকূলে ইস্যু করতঃ অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে।

১. ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি ও নবায়নের (কার্য ও পণ্য) আবেদনের তফসিলঃ

| | | |
|---|---|---|
| ১. | মন্ত্রণালয় | পানি সম্পদ মন্ত্রণালয় |
| ২. | সংস্থা | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড |
| ৩. | ক্রয়কারীর নাম | কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কিশোরগঞ্জ |
| ৪. | তালিকাভূক্তি আবেদনকারীর যোগ্যতা | ১। বৈধ ও হালনাগাদ ট্রেড লাইসেন্স। ২) হালনাগাদ ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট। ৩) টিআইএন (আয়কর) সার্টিফিকেট ৪) প্রতিষ্ঠানের নামে ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট (কার্য ক্রয়ে ৩০ লক্ষ টাকা এবং পণ্য সরবরাহের ক্ষেত্রে ৫ লক্ষ টাকার স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট/বিবরণীর মূলকপি)। ৫) জাতীয় পরিচয়পত্র। ৬) পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি। ৭) প্রতিষ্ঠানের যন্ত্রপাতি ও জনবলের তালিকা ৮) অথরাইজেশন লেটার (প্রতিষ্ঠানের মালিক কর্তৃক ৩০০/-(তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে সম্পাদিত অঙ্গিকারনামা)। |
| ৫. | নবায়নের আবেদনকারীর যোগ্যতা | ১) বৈধ ও হালনাগাদ ট্রেড লাইসেন্স। ২) হালনাগাদ ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট। ৩) প্রতিষ্ঠানের নামে ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট(কার্য ক্রয়ে ৩০ লক্ষ টাকা এবং পণ্য সরবরাহের ক্ষেত্রে ৫ লক্ষ টাকার স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট/বিবরণীর মূলকপি)। ৪) পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি। |
| ৬. | আবেদন ফরম ফি (তালিকাভূক্তি ও নবায়ন) | ৫০০.০০ (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-ওর্ডার/ব্যাংক ড্রাফ্ট **উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ময়মনসিংহ** অনুকূলে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। |
| ৭. | তালিকাভূক্তি নিবন্ধন ফি (প্রথমিক মূল্যায়নের উত্তীর্নের পরে) | পুরুষ মালিকানাধীন- ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা, ১৫% ভ্যাট বাবদ ৭৫০.০০(সাতশত পঞ্চাশ) টাকার এবং একক নারী মালিকানাধীন - ৩০০০.০০ (তিন হাজার) টাকা, ১৫% ভ্যাট বাবদ ৪৫০.০০(চারশত পঞ্চাশ) টাকার ২(দুই)টি ভিন্ন ভিন্ন অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট **উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ময়মনসিংহ** অনুকূলে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় জমা প্রদান করতে হবে। |
| ৮. | নবায়ন নিবন্ধন ফি | পুরুষ মালিকানাধীন- ২০০০.০০ (দুই হাজার) টাকা, ১৫% ভ্যাট বাবদ ৩০০.০০(তিনশত) টাকার এবং একক নারী মালিকানাধীন - ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা ১৫% ভ্যাট বাবদ ২২৫.০০(দুইশত পঁচিশ) টাকার ২(দুই)টি ভিন্ন ভিন্ন অফেরতযোগ্য পে-অর্ডার /ব্যাংক ড্রাফ্ট **উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ময়মনসিংহ** অনুকূলে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় জমা প্রদান করতে হবে। |
| ৯. | আবেদনপত্র প্রাপ্তি ও দাখিলের স্থান | অত্র দপ্তরের প্রাক্কলন শাখা। |
| ১০. | আবেদনপত্র সংগ্রহ শুরু ও দাখিলের সর্বশেষ তারিখ ও সময় | ০৩/০৯/২০২৬ খ্রিঃ হতে ৩০/০৯/২০২৬ খ্রিঃ পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময়ে) । |

২. তালিকাভূক্তির আবেদনে উল্লেখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে কমিটি কর্তৃক মূল্যায়নের পর প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা মহোদয়ের অনুমোদন সাপেক্ষে নিবন্ধন বহি ইস্যু করা হবে।

৩. ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদন যাচাই-বাচাই সাপেক্ষে কোন কারন দর্শানো ব্যতীরেকে আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতাবান এবং ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানের সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) টেন্ডারে অংশ গ্রহনের জন্য কিশোরগঞ্জ জেলার ঠিকানায় **e-Gp Registration** থাকা আবশ্যক।

A. Faysal 01/09/2026
(মুন্সী আমির ফয়সাল)
নির্বাহী প্রকৌশলী
আইডি নং- ৮৫১২৩১০০৩

স্মারকনং- বাপাউবো(কিশোরগঞ্জ)/ই-১/৫৯৫৫/১(১১) তারিখঃ ০১-০৯-২০২৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। প্রধান প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ময়মনসিংহ পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ময়মনসিংহ।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।

৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি দৈনিক পত্রিকায় এবং একটি স্থানীয় পত্রিকায় প্রকাশের জন্য বিনীত অনুরোধ করা হলো।

৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।সার্কুলারটি বাপাউবো'র ওয়াব সাইটে প্রকাশের জন্য বিনীত অনুরোধ করা হলো।

৬। সিএসওটু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৭। সিনিয়র সহকারী পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ময়মনসিংহ।

৮। উপ-বিভাগীয় প্রকৌশলী (পুর) (সকল), কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কিশোরগঞ্জ।

৯। প্রাক্কলনিক, কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কিশোরগঞ্জ। তাকে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ফরম বিক্রয় ও আবেদনপত্র গ্রহণ এবং ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি নবায়ণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

১০। জনাব.......................................................................................................................................................................।

১১। দপ্তর কপি।

01/09/2026

নির্বাহী প্রকৌশলী
কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, কিশোরগঞ্জ।